গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
ইনোভেশন টিম

**২০২৩-২০২৪ অর্থবছরের জিএসবি'র ইনোভেশন টিমের ২য় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ কামাল হোসেন<br>পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি, ইনোভেশন টিম |
| সভার তারিখ | ৩০/০৮/২০২৩ খ্রি.। |
| সভার সময় | বেলা ১১:০০ ঘটিকা। |
| স্থান | ভূতত্ত্ব ভবনের চতুর্থ তলার সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' । |

**আলোচ্য সূচী:**

১। জিএসবি কর্তৃক ২০১৬-১৭ অর্থবছর হতে ২০২২-২৩ অর্থবছর পর্যন্ত উদ্ভাবিত/ সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও সেবাসমূহ অব্যাহত রাখার জন্য করণীয় সম্পর্কে আলোচনা।
২। বিবিধ।

**আলোচনা**

সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি আলোচনার শুরুতে জিএসবি কর্তৃক ২০১৬-১৭ অর্থবছর হতে ২০২২-২৩ অর্থবছর পর্যন্ত উদ্ভাবিত/ সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের উদ্ভাবকগণকে উদ্ভাবিত/ সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও সেবাসমূহ অব্যাহত রাখার জন্য করণীয় সম্পর্কে ধারাবাহিকভাবে আলোচনা শুরু করেন।

০১। ২০১৬-২০১৭ অর্থবছরে বাস্তবায়িত 'প্রকাশিত ভূবৈজ্ঞানিক প্রতিবেদনের সারসংক্ষেপ জনসাধারণের জন্য উন্মুক্তকরণের লক্ষ্যে জিএসবি'র ওয়েবসাইটে আপলোডকরণ' শীর্ষক আলোচনায় জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) আইডিয়াটির বর্তমান অবস্থা সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন আইডিয়া বাস্তবায়নকারী টিমের সিদ্ধান্ত মোতাবেক ভূবৈজ্ঞানিক প্রতিবেদনের সারসংক্ষেপ এর সাথে কভার পেজও একসাথে আপলোড থাকার কথা তবে কিছু প্রতিবেদনের সারসংক্ষেপ এর সাথে কভার পেজ দেয়া নেই। তিনি যেসকল প্রতিবেদনে কভার পেজ দেয়া হয়নি সেগুলোসহ নতুন প্রকাশিত সকল প্রতিবেদন কভার পেজসহ আপলোড করার বিষয়টি নিশ্চিত করার আহবান জানান। আইসিটি ও ওয়েব টিমের সদস্য সচিব জনাব জনাব মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, লাইব্রেরিয়ান বিষয়টি সমাধানের ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভাপতি দৃষ্টি আকর্ষন করেন।

০২। ২০১৭-২০১৮ অর্থবছরে বাস্তবায়িত 'মোবাইল অ্যাপসের মাধ্যমে জিএসবি'র আবিস্কৃত খনিজ সম্পদসমূহ ও আনুসাঙ্গিক তথ্য প্রদান' শীর্ষক আলোচনায় জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) সভাকে জানান অ্যাপটি চলমান আছে তবে অনেক নতুন তথ্য বিশেষ করে লোহার আকরিক আবিষ্কার সংক্রান্ত তথ্য আপডেটের প্রয়োজন রয়েছে। তিনি আরও বলেন এই অ্যাপসের সোর্স কোড জিএসবিতে রয়েছে তবে অ্যাপটি স্ট্যাটিক হওয়ার কারণে নতুন করে এই অ্যাপ তৈরি করতে হবে। সভাপতি সভাকে এই মর্মে অবহিত করেন আমাদের যেহেতু বাজেটের একটি ব্যাপার রয়েছে এবং এই বছর নূন্যতম একটি স্মার্ট আইডিয়া বাস্তবায়ন করতে হবে তাই এই মুহূর্তে নতুন করে এই অ্যাপ তৈরির সুযোগ কম। এসময় জনাব মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, লাইব্রেরিয়ান সভাকে এই মর্মে অবহিত করেন, আইসিটি মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন অনুযায়ী এখন থেকে সকল অ্যাপের সোর্স কোড বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এ জমা প্রদান করতে হবে।

০৩। ২০১৮-২০১৯ অর্থবছরে বাস্তবায়িত 'জনসাধারণের চাহিদা অনুযায়ী জিএসবি'র বিভিন্ন গবেষণাগারে নমুনা বিশ্লেষণ সেবা সহজিকরণ' সংক্রান্ত আলোচনায় খোন্দকার রবিউল ইসলাম, উপ-পরিচালক (খনন প্রকৌ.) সভাকে অবহিত করেন যে, বর্তমানে সেবাটি চলমান আছে তবে ওয়েবসাইটে সেবাটির ফ্লো-চার্টটি দেয়া নেই, এটি আপলোড করতে হবে। এছাড়া বিভিন্ন গবেষণাগারে নমুনা বিশ্লেষণের চাহিদাপত্র ই-সেবা বক্সে দেয়া আছে। এবিষয়ে আলোচনান্তে ফ্লো-চার্টটি ওয়েব সাইটে আপলোডের প্রয়োজন নাই এই মর্মে সকলে একমত পোষণ করেণ।

০৪। ২০১৯-২০২০ অর্থবছরে বাস্তবায়িত 'ইনডেক্স মানচিত্রের মাধ্যমে ভূবৈজ্ঞানিক তথ্য প্রদান সহজিকরণ' সংক্রান্ত সেবাটি সম্পর্কে উদ্ভাবক দলের প্রধান জনাব নাসিমা বেগম, পরিচালক (ভূতত্ত্ব) সভাকে জানান, ইনডেক্স মানচিত্রটি হালনাগাদ করার জন্য তিনি এবং জনাব মোঃ নুরুজ্জামান সবুজ ভূবৈজ্ঞানিক তথ্য সংগ্রহের কাজ করছেন। ওয়েবসাইটে আপলোডকৃত মানচিত্রটি জনাব তানজিম তামান্না আফরোজ, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) প্রস্তুত করেছিলেন। সভাপতি উদ্ভাবক দলের প্রধানকে ইনডেক্স মানচিত্রটি হালনাগাদ করে প্রকাশ করার অনুরোধ জানান।

২০১৯-২০২০ অর্থবছরে ২য় বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ 'জিএসবি'র রূপকল্প (Vision), অভিলক্ষ (Mission) উল্লেখযোগ্য আবিস্কার এবং কার্যক্রমসমূহ জনসাধারণের নিকট ডিজিটাল পদ্ধতিতে প্রদর্শনের জন্য LED Scroll Display Board স্থাপন' বিষয়ক আলোচনায় জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) সভাকে জানান, GeoUPAC প্রকল্পের অর্থায়নে এই LED Scroll Display Board স্থাপন করা হয়েছিল। তখন সিদ্ধান্ত হয়েছিল এই বোর্ডে জিএসবি এবং প্রত্যেক শাখার কার্যক্রম সংক্রান্ত বিভিন্ন লেখা স্ক্রোল আকারে যাবে এবং তখন বিভিন্ন শাখা থেকে প্রধান প্রধান কার্যক্রম সংক্রান্ত লেখা আহবান করা হয়েছিল। তবে বর্তমানে শুধু জিএসবি'র নাম স্ক্রোল আকারে দেখা যাচ্ছে। সভাপতি জানান শেখ মুহাম্মদ মেসবাহ আর রহমান, উপ-পরিচালক (রসায়ন) এর সাথে যোগাযোগ করে প্রত্যেক শাখার কার্যক্রম সংক্রান্ত বিভিন্ন লেখাসমূহ যা তৎকালীন সময়ে সংগ্রহ করা হয়েছিল তা তার নিকট নথিতে থাকলে তা সংগ্রহ করে স্ক্রোল আকারে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৫। ২০২০-২০২১ অর্থবছরে বাস্তবায়িত 'সমন্বিত প্যালিনোলজি ও প্যালিওন্টোলজিক্যাল ডাটাবেজ অ্যাপ আকারে প্রস্তুত করে তথ্য প্রদান সহজিকরণ' সংক্রান্ত আলোচনায় উদ্ভাবক দলের প্রধান সৈয়দা জেসমিন হক, উপ-পরিচালক (ভূতত্ত্ব) জানান, "BD-Palaeontology" অ্যাপটি চালু আছে এবং যেহেতু এটি ডায়নামিক অ্যাপ তাই এটি তারা নিজেরাই হালনাগাদ করতে পারছেন। তবে অ্যাপটির শুধু এন্ড্রয়েড ভার্সন তৈরি করা হয়েছিল, এর IOS ভার্সন তৈরি করা প্রয়োজন। তিনি আরও জানান বর্তমানে প্লে-স্টোর এর সার্ভার ফি দিতে হচ্ছে যা প্রকিউরমেণ্ট শাখার মাধ্যমে জমা দেয়া হয়। সভাপতি অ্যাপটির IOS ভার্সন তৈরি এবং Server Change / BCC Backup এর প্রয়োজনীয় উদ্যোগ নিতে উদ্ভাবক দলকে অনুরোধ করেন।

২০২০-২০২১ অর্থবছরে বাস্তবায়িত 'বিভিন্ন ব্যাক্তি/প্রতিষ্ঠানকে জিএসবি'র লাইব্রেরির প্রকাশিত তথ্য সেবা সহজিকরণ' সেবা সম্পর্কিত আলোচনায় জনাব মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, লাইব্রেরিয়ান সভাকে জানান সেবাটি চালু আছে। এই সেবার মাধ্যমে সকলে জিএসবির ওয়েবসাইটে দেয়া একটি অনলাইন ফর্ম পূরণের মাধ্যমে জিএসবি'র লাইব্রেরির সেবা সহজেই গ্রহণ করতে পারেন।

২০২০-২০২১ অর্থবছরে বাস্তবায়িত 'জিএসবি'র ব্লাড ক্লাব' সম্পর্কিত আলোচনায় মরিয়ম সুলতানা শিখা, অফিস সহকারি জানান সেবাটি চলমান রয়েছে এবং বর্তমানে ১৮৮ জনের তথ্য দেয়া আছে। তিনি জানান অনেকেই এর মাধ্যমে উপকৃত হচ্ছেন। জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) এই মর্মে সভাকে অবহিত করেন, এখানে অনেকের তথ্য ভুল দেয়া আছে এবং সেবাটির জন্য যে লিঙ্কড গুগল/ফেসবুক ডকুমেন্টসটি ব্যবহার করা হচ্ছে তা একটি ব্যক্তিগত একাউন্ট এবং এটি ব্যবহার ঝুঁকিপুর্ন। সভাপতি তথ্যগত ভুল সংশোধনের জন্য নতুন করে তথ্য আহবান এবং নতুন ডেটাবেজ সরাসরি জিএসবির ওয়েবসাইটে আপলোডের জন্য জনাব মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, লাইব্রেরিয়ানকে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বলেন।

০৬। ২০২১-২০২২ অর্থবছরে বাস্তবায়িত 'সাইসমিক জরিপ কার্যক্রমে শট ড্রিলিং সহজিকরণ' সংক্রান্ত আলোচনায় মোহাম্মদ জহির উদ্দিন, উপ-পরিচালক (ভূ-পদার্থ) সভাকে অবহিত করেন যে, বর্তমানে উদ্ভাবিত যন্ত্রটি বগুড়া অফিসে রয়েছে। ডিনামাইট এর মজুদ না থাকায় এটি বহিরঙ্গনে পরীক্ষা করে দেখা হয়নি তবে টেস্টিং এর ভিডিও ধারন করা আছে। জনাব মোঃ হোসেন খসরু, উপ-পরিচালক (ভূতত্ত্ব) জানান বর্তমানে এটি কার্যক্ষম আছে কি না তা দেখার জন্য পুনরায় পরীক্ষা করার প্রয়োজন রয়েছে।

২০২১-২০২২ অর্থবছরে বাস্তবায়িত 'জিএসবি'র ভূ-বৈজ্ঞানিক তথ্য অনুসন্ধান' সংক্রান্ত আলোচনায় উদ্ভাবক দলের প্রধান জনাব এ. জে. এম. ইমদাদুল হক, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) সভাকে অবহিত করেন যে, ঢাকা ও চট্টগ্রাম বিভাগের বিভিন্ন উপজেলায় জিএসবির বিভিন্ন প্রতিবেদনে উল্লেখিত বিভিন্ন ধরণের ভূ-বৈজ্ঞানিক তথ্য সম্পর্কে ওয়েবসাইটে দেয়া আছে। তবে টিমের সদস্যগণের বিভিন্ন ধরণের ব্যস্ততার কারণে অন্যান্য বিভাগের ভূ-বৈজ্ঞানিক তথ্য এখনও হালনাগাদ করা হয়নি। তিনি সভাপতিকে পূর্বের কমিটির স্থলে নতুন একটি কমিটি করে দেয়ার অনুরোধ জানান। সভাপতি অন্যান্য বিভাগের ভূ-বৈজ্ঞানিক তথ্য হালনাগাদ করার জন্য সকল ধরণের দাপ্তরিক ও প্রশাসনিক সহায়তা করা হবে মর্মে তাকে অবহিত করেন এবং দ্রুত এ কাজটি সমাপ্ত করার উপর জোড় দেন।

২০২১-২০২২ অর্থবছরে বাস্তবায়িত 'জিএসবি'র লাইব্রেরিকে ই-লাইব্রেরিতে রূপান্তরের লক্ষ্যে ক্যাটালগ প্রস্তুতকরণ' শীর্ষক উদ্ভাবনী উদ্যোগের দলপ্রধান জনাব মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, লাইব্রেরিয়ান সভাকে জানান বর্তমানে লাইব্রেরির বইসমূহের (প্রায় ৫০০ এর অধিক) ক্যাটালগ বিভিন্ন ক্যাটাগরি অনুযায়ী ওয়েবসাইটে আপলোড করা আছে তবে তার একার পক্ষে লাইব্রেরির সমস্ত বইয়ের ক্যাটালগ প্রস্তুত করা দুরূহ। সভায় উপস্থিত কর্মকর্তাগণ লাইব্রেরির বাকি বইয়ের ক্যাটালগ হালনাগাদ করতে হবে মর্মে মতামত পেশ করেন। সভাপতি জনাব মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, লাইব্রেরিয়ানকে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বলেন এবং প্রয়োজনে অফিস থেকে দাপ্তরিক ও প্রশাসনিক সহায়তা নিতে বলেন।

০৭। ২০২২-২০২৩ অর্থবছরে বাস্তবায়িত 'বাংলাদেশ মিনারেল মিউজিয়াম' সংক্রান্ত আলোচনায় জনাব মোঃ সোহেল রানা, উপ-পরিচালক (ভূতত্ত্ব) বলেন, অ্যাপলিকেশনটি চালু রয়েছে তবে এর মধ্যে কিছু অনিচ্ছাকৃত ভুল পরিলক্ষিত হয়েছে। এছাড়াও মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক Android এর পাশাপাশি IOS প্লাটফর্মেও অ্যাপলিকেশনটি প্রস্তুত করতে হবে এবং অ্যাপলিকেশনটির বিশ্বমানের Design, 360 ডিগ্রি ছবি সংযোজন, Server Change / BCC Backup এবং Bangla ও English উভয় ভার্সন তৈরী করার বিষয়েও মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেছেন। ইতোমধ্যে আইডিয়া প্রদানকারী দল এবং বিভিন্ন শাখার উপ-পরিচালক ও সহকারী পরিচালক পর্যায়ের ১০জন কর্মকর্তাদের নিয়ে Bangladesh Mineral Museum অ্যাপটির পরিচালনা ও ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এসময় প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তাদের নিয়েই অ্যাপ সেবা অব্যাহত রাখাসহ হালনাগাদ সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য একটি হালনাগাদকরণ কমিটি করা যেতে পারে মর্মে সভায় উপস্থিত আলোচকগণ মত প্রদান করেন।

**সিদ্ধান্ত**

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

১) প্রকাশিত ভূবৈজ্ঞানিক প্রতিবেদনের সারসংক্ষেপ কভার পেজসহ আপলোড করতে হবে।

২) 'ইনডেক্স মানচিত্রের মাধ্যমে ভূবৈজ্ঞানিক তথ্য প্রদান সহজিকরণ' সংক্রান্ত উদ্ভাবনী উদ্যোগটির ইনডেক্স মানচিত্র হালনাগাদ করতে হবে।

৩) জিএসবি'র কার্যক্রমসমূহ জনসাধারণের নিকট ডিজিটাল পদ্ধতিতে প্রদর্শনের জন্য LED Scroll Display Board এ বিভিন্ন শাখার মূল কার্যক্রম প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪) BD Palaeontology অ্যাপটির IOS ভার্সন তৈরি এবং Server Change / BCC Backup এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫) ‘জিএসবি’র ব্লাড ক্লাব’ এর তথ্যগত ভুল সংশোধনের জন্য নতুন করে তথ্য আহবান এবং নতুন ডেটাবেজ সরাসরি জিএসবির ওয়েবসাইটে আপলোড করতে হবে।

৬) ‘জিএসবি’র ভূ-বৈজ্ঞানিক তথ্য অনুসন্ধান’ এর জন্য ঢাকা ও চট্টগ্রাম বিভাগের সাথে সাথে অন্যান্য বিভাগের তথ্যসমুহ হালনাগাদের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ কাজের জন্য প্রয়োজনীয় দাপ্তরিক ও প্রশাসনিক সহায়তা অফিস প্রদান করবে।

৭) ‘জিএসবি’র লাইব্রেরিকে ই-লাইব্রেরিতে রুপান্তরের লক্ষ্যে ক্যাটালগ প্রস্তুতকরণ’ এর অবশিষ্ট কাজ দ্রুত সমাপ্ত করতে হবে। এ কাজের জন্য প্রয়োজনীয় দাপ্তরিক ও প্রশাসনিক সহায়তা অফিস প্রদান করবে।

৮) Bangladesh Mineral Museum অ্যাপটি Android এর পাশাপাশি IOS প্লাটফর্মেও অ্যাপলিকেশনটি প্রস্তুত করা এবং Server Change / BCC Backup এর ব্যবস্থা গ্রহণসহ ছবি পরিবর্তন ও অন্যান্য ভুল সংশোধনের জন্য ইতঃপূর্বে অ্যাপ এর উপর প্রশিক্ষণ প্রাপ্ত সংশ্লিষ্ট বিভিন্ন শাখার কর্মকর্তাদের নিয়ে App হালনাগাদকরণ কমিটি গঠন করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

মোঃ কামাল হোসেন
পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি, ইনোভেশন টিম

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৬৩.১৯.২৭

তারিখ: ২৮ ভাদ্র ১৪৩০
১২ সেপ্টেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) পরিচালক (ভূতত্ত্ব), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
২) পরিচালক (ভূতত্ত্ব) , ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৩) পরিচালক (ভূপদার্থ) (অতিরিক্ত দায়িত্ব), ভূ-বৈদ্যুতিক ও ভূকম্পন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৪) উপ-পরিচালক (ভূতত্ত্ব), পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৫) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১ , অপারেশন ও সমন্বয় শাখা , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৬) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, স্তরতত্ত্ব ও জীব স্তরতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৭) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-২ , স্তরতত্ত্ব ও জীব স্তরতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৮) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-২, অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৯) উপ-পরিচালক (ভূতত্ত্ব) -২, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১০) উপ-পরিচালক (ভূপদার্থ)-১ , অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১১) উপ-পরিচালক (রসায়ন)-১ , বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১২) উপ-পরিচালক (রসায়ন)-৩ , বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১৩) উপ-পরিচালক (ড্রিলিং)-১, ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১৪) উপ-পরিচালক (ড্রিলিং)-২, ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১৫) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-১ , দূরঅনুধাবন ও জিআইএস শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১৬) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-২, অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১৭) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-১ , ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১৮) লাইব্রেরিয়ান-১, প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১৯) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-২, উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
২০) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৪, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
২১) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৩ , ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
২২) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-২ , পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দূর্যোগ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
২৩) লাইব্রেরিয়ান-২ , প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
২৪) অফিস সহকারী-১, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
২৫) অফিস সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

Riyadul Islam
রিয়াদুল ইসলাম
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
**বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর**
১৫৩ পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা ১০০০।

পরিশিষ্ট-কঃ সভায় উপস্থিতির তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

| ক্রমিক নং | নাম | পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মোহাম্মদ আনোয়ারুল [illegible] | পরিচালক (ভূতত্ত্ব) | [signature] ৩০/০৮/২৩ |
| ২ | ড. সুলতানা নাহরিন নূরী | পরিচালক (ভূপদার্থ) | [signature] ৩০/০৮/২০২৩ |
| ৩ | নাসিমা বেগম | পরিচালক (ভূতত্ত্ব) | [signature] ৩০/০৮/২০২৩ |
| ৪ | সৈয়দা জেসমিন হক | উপ-পরিচালক (ভূতত্ত্ব) | sjhaque 30/08/2023 |
| ৫ | [illegible] তালুকদার | সহকারী পরিচালক (ভূতত্ত্ব) | [signature] ৩০/০৮/২০২৩ |
| ৬ | মোঃ জাহাঙ্গীর আলম | সহকারী পরিচালক (ভূতত্ত্ব) | [signature] 30.08.2023 |
| ৭ | মরিয়ম সুলতানা [illegible] | অফিস সহকারী | [signature] ৩০/৮/২৩ |
| ৮ | মোসাঃ রাবেয়া খাতুন | অফিস সহকারী | রাবেয়া ৩০/০৮/২৩ |
| ৯ | মো: সোহেল রানা | উপ-পরিচালক (ভূতত্ত্ব) | [signature] ৩০/০৮/২৩ |
| ১০ | মো: আবু সায়েম | উপ-পরিচালক (ভূতত্ত্ব) | [signature] ৩০/০৮/২৩ |
| ১১ | মো: আহসান হাবিব | সহকারী পরিচালক (ভূতত্ত্ব) | Habib ৩০-০৮-২০২৩ |
| ১২ | মোহাম্মদ [illegible] ইসলাম আকন্দ | লাইব্রেরিয়ান | [signature] ৩০/০৮/২৩ |
| ১৩ | মোহাম্মদ জহির উদ্দিন | উপ-পরিচালক (ভূপদার্থ) | [signature] ৩০/০৮/২৩ |
| ১৪ | [illegible] | উপ-পরিচালক | [signature] ৩০/০৮/২৩ |
| ১৫ | খোন্দকার রবিউল ইসলাম | উপ-পরিচালক (ড্রি.) | [signature] 30/08/2023 |
| ১৬ | মোঃ মাসুদ রানা | উপ-পরিচালক (ড্রি.প্র.) | [signature] ৩০/৮/২৩ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

**বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর**

১৫৩ পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা ১০০০।

| ক্রমিক নং | নাম | পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৭ | এ.কে.এম. ইমদাদুল হক | সহ. পরিচালক (ভূতত্ত্ব) | [signature] ৩০/০৮/২০২০ |
| ১৮ | মো: হোসেন [illegible] | উপপরিচালক (ভূতত্ত্ব) | [signature] |
| ১৯ | রিয়াদুল ইসলাম | সহ: পরিচালক (ভূতত্ত্ব) | [signature] |
| ২০ | মো: [illegible] | সহ: পরিচালক (ভূতত্ত্ব) | [signature] |
| ২১ | মোহাম্মদ [illegible] | [illegible] (ভূতত্ত্ব) | [signature] |
| ২২ | রাজীব কুমার সাহা, | সহকারী পরিচালক | [signature] |
| ২৩ | মোঃ মোস্তাফিজুর রহমান | লাইব্রেরিয়ান | [signature] |
| ২৪ | | | |
| ২৫ | | | |
| ২৬ | | | |
| ২৭ | | | |
| ২৮ | | | |
| ২৯ | | | |
| ৩০ | | | |
| | | | |
| | | | |
| | | | |